সোশ্যাল কেয়ার নেটওয়ার্ক সম্পর্কিত অতিরিক্ত তথ্য অন্তর্ভুক্ত করার জন্য আপনার মেম্বার হ্যান্ডবুকটি আপডেট করা হয়েছে।

**1 জানুয়ারী, 2025** থেকে, আপনি আঞ্চলিক সোশ্যাল কেয়ার নেটওয়ার্ক (SCNs)-এর মাধ্যমে বিদ্যমান স্থানীয়, রাজ্য এবং ফেডারেল পরিষেবাগুলির জন্য স্ক্রিনিং এবং রেফারেল পেতে পারেন। আপনি যদি যোগ্য হন, তাহলে এই স্থানীয় গোষ্ঠীগুলি আপনাকে কোনো খরচ ছাড়াই আপনার কমিউনিটির বিভিন্ন পরিষেবার সাথে সংযুক্ত করতে পারে, যা আবাসন, পরিবহন, শিক্ষা, কর্মসংস্থান এবং যত্ন ব্যবস্থাপনায় সহায়তা করে।

- এই SCN-এর মাধ্যমে স্ক্রিনিংয়ের পরে, আপনি এবং আপনার পরিবারের যেকোনো আগ্রহী সদস্য একজন সোশ্যাল কেয়ার নেভিগেটরের সাথে দেখা করতে পারেন, যিনি ব্যক্তিগত স্বাস্থ্য ও সুস্থতার জন্য সহায়ক পরিষেবাগুলির যোগ্যতা নিশ্চিত করতে পারবেন। কোথায় অতিরিক্ত সহায়তার প্রয়োজন হতে পারে তা নির্ধারণ করার জন্য তারা আপনার বা আপনার পরিবারের সদস্যদের কাছে সহায়ক নথিপত্র চাইতে পারে।

- যদি আপনি বা আপনার পরিবারের কোনো সদস্য পরিষেবার জন্য যোগ্য হন, তাহলে সোশ্যাল কেয়ার নেভিগেটর প্রয়োজনীয় সহায়তা পেতে আপনার সাথে কাজ করবেন। ব্যক্তিগত যোগ্যতার উপর নির্ভর করে, আপনি একাধিক পরিষেবার জন্য যোগ্য হতে পারেন। এই পরিষেবাগুলির মধ্যে রয়েছে:

  - হাউজিং এবং ইউটিলিটি সাপোর্ট:
    - আপনার বাড়িকে সহজগম্য ও নিরাপদ করার জন্য বাড়িতে বিভিন্ন পরিবর্তন স্থাপন করা, যেমন র‍্যাম্প, হ্যান্ডরেল, গ্র্যাব বার, চলার পথ, বৈদ্যুতিক দরজা খোলার যন্ত্র, দরজার পথ চওড়া করা, দরজা ও ক্যাবিনেটের হাতল, বাথরুমের সুবিধা, রান্নাঘরের ক্যাবিনেট বা সিঙ্ক, এবং নন-স্কিড সারফেস (পিছলে না যায় এমন পৃষ্ঠ)।
    - ছত্রাক দূরীকরণ (মোল্ড), কীটপতঙ্গ দমন, এবং হাঁপানি উপশম পরিষেবা।
    - আপনার বাড়িতে বায়ুচলাচল উন্নত করতে সাহায্য করার জন্য একটি এয়ার কন্ডিশনার, হিটার, হিউমিডিফায়ার বা ডিহিউমিডিফায়ার সরবরাহ করা।
    - চিকিৎসার জন্য প্রয়োজনীয় ছোট রেফ্রিজারেশন ইউনিট সরবরাহ করা।
    - আপনাকে কমিউনিটির মধ্যে নিরাপদ ও স্থিতিশীল আবাসন খুঁজে পেতে এবং তার জন্য আবেদন করতে সহায়তা করা, যার মধ্যে ভাড়া এবং ইউটিলিটি বিলের জন্য সহায়তা অন্তর্ভুক্ত থাকতে পারে।

    দ্রষ্টব্য: কিছু আবাসন পরিষেবা আপনার প্ল্যানের আওতায় থাকতে পারে। অতএব, কিছু আবাসন পরিষেবার জন্য সোশ্যাল কেয়ার নেভিগেটর এবং আপনার স্বাস্থ্য পরিকল্পনার কেয়ার ম্যানেজারের মধ্যে সমন্বয়ের প্রয়োজন হবে।

  - পরিবহন সেবা:
    - SCN দ্বারা অনুমোদিত স্থানগুলিতে, যেমন চাকরির ইন্টারভিউ, প্যারেন্টিং ক্লাস, উচ্ছেদ রোধের জন্য হাউজিং কোর্ট, স্থানীয় কৃষকের বাজার, এবং গুরুত্বপূর্ণ নথি সংগ্রহের জন্য শহর বা রাজ্যের দপ্তরে যাওয়ার জন্য আপনাকে সরকারী বা বেসরকারী পরিবহনের সুবিধা পেতে সহায়তা করা।

- যত্ন ব্যবস্থাপনা সেবা:
  - চাকরি বা চাকরির প্রশিক্ষণের প্রোগ্রাম খোঁজা, পাবলিক বেনিফিটের জন্য আবেদন করা, আপনার আর্থিক ব্যবস্থাপনা এবং আরও অনেক কিছুর জন্য সাহায্য পাইয়ে দেওয়া।
  - চাইল্ড কেয়ার, কাউন্সেলিং, ক্রাইসিস ইন্টারভেনশন, হেলথ হোমস প্রোগ্রাম এবং আরও অনেক কিছুর সাথে যুক্ত করা।

## আপনার এলাকার SCN-এর সাথে যোগাযোগ:

1. আপনি HomeFirst মেম্বার সার্ভিসেস-কে 1-877-771-1119 (TTY: 711) নম্বরে কল করতে পারেন এবং আমরা আপনাকে আপনার এলাকার একটি SCN-এর সাথে সংযুক্ত করে দেব।

2. আপনি আপনার কাউন্টির মধ্যে থাকা SCN-কে কল করে একটি স্ক্রিনিং বা আরও তথ্যের জন্য অনুরোধ করতে পারেন। নিচের চার্টে SCN-এর যোগাযোগের তথ্য দেখুন।

3. একটি সেলফ-স্ক্রিনিং শুরু করার জন্য আপনি তাদের ওয়েবসাইটেও ভিজিট করতে পারেন।

SCN-এর সাথে সংযুক্ত হওয়ার পরে, একজন সোশ্যাল কেয়ার নেভিগেটর প্রশ্ন জিজ্ঞাসা করে, (প্রয়োজনে) সহায়ক নথিপত্র চেয়ে আপনার যোগ্যতা নিশ্চিত করবেন, আপনাকে যোগ্য পরিষেবাগুলি সম্পর্কে আরও জানাবেন এবং সেগুলির সাথে সংযুক্ত হতে সহায়তা করবেন।

elderplan | homefirst®
MJHS হেলথ সিস্টেমের একটি অংশগ্রহণকারী সংস্থা

| SCN | কাউন্টি | ফোন নম্বর |
|---|---|---|
| Health Equity Alliance of Long Island | Nassau | 516-505-4434 |
| | https://healiny.org/ | |
| Hudson Valley Care Coalition, Inc. | Dutchess, Orange, Putnam, Rockland, Sullivan, Ulster, Westchester | 800-768-5080 |
| | https://hudsonvalleycare.org/services/hudson-valleys-social-care-network/ | |
| Public Health Solutions | Manhattan, Queens, Brooklyn | 888-755-5045 |
| | https://www.wholeyou.nyc/ | |
| Staten Island Performing Provider System | Richmond | 917-830-1140 |
| | https://statenislandpps.org/social-care-network/ | |
| Somos Healthcare Providers, Inc. | Bronx | 833-SOMOSNY (833-766-6769) |
| | https://www.somoscommunitycare.org/social-care-network/ | |